

স্মারক নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯.১০

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

বিষয়: বাংলা নববর্ষ ১৪৩০ উপলক্ষে কুইজ ও চিত্রাংকন প্রতিযোগিতা।

সূত্র: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.২৬৫, তারিখ: ০২/০৪/২০২৩ খ্রি.

বাংলা নববর্ষ ১৪৩০ উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের দিক নির্দেশনায় চট্টগ্রাম জেলার বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম-এ নিম্নোক্ত বিষয়ে কুইজ, চিত্রাংকন এবং রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে আহ্বান জানানো যাচ্ছে।

ক) কুইজ প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	নবম-দ্বাদশ	বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কিত	১২.০৪.২০২৩ খ্রি. তারিখ বুধবার, সকাল ১০ টা
২.	খ	স্নাতক-স্নাতকোত্তর		

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	১২.০৪.২০২৩ খ্রি. তারিখ বুধবার, বেলা ১১ টা
২.	খ	তৃতীয় শ্রেণি-ষষ্ঠ শ্রেণি	বৈশাখী মেলা	

গ) রচনা প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	প্রতিযোগিতার বিষয়	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১.	সর্বসাধারণ	বাংলা নববর্ষ, অসাম্প্রদায়িক চেতনা ও বঙ্গবন্ধু	১২.০৪.২০২৩ খ্রি. তারিখ, বুধবার

প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: চট্টগ্রাম জেলার প্রতিযোগিতা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, কেপিএম ভবন (৩য় তলা), ৯২ সদরঘাট, চট্টগ্রাম-এ অনুষ্ঠিত হবে।

শর্তাবলি:

- প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ড সঙ্গে আনতে হবে।
- চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে নিয়ে আসতে হবে।
- কুইজ ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুকদের আগামী ১০.০৪.২০২৩ তারিখের মধ্যে অত্র গ্রন্থাগারে অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- রচনা A4 সাইজের সাদা কাগজে স্ব-হস্তে প্রতপাতার এক পাশে ১৪০০ শব্দের মধ্যে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় লেখা যাবে না)। রচনার সাথে প্রতিযোগীর জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্রের অনুলিপি জমা দিতে হবে। এছাড়া রচনাপত্রে প্রতিযোগীর নাম, পিতা-মাতার নামসহ পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর এবং ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে শিক্ষা

প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।



৩-৪-২০২৩

ড. মোহাম্মদ হারুন-অর-রশীদ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২৪১-৩৬০২৫৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

ইমেইল: dgplchittagong@gmail.com

স্মারক নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯.১০/১(১১)

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩) পরিচালক, পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার,.....চট্টগ্রাম।
- ৬) জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৭) উপজেলা শিক্ষা অফিসার, .....চট্টগ্রাম।
- ৮) জেলা তথ্য অফিসার, , চট্টগ্রাম।
- ৯) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমী, চট্টগ্রাম।
- ১০) জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, চট্টগ্রাম।
- ১১) অফিসকপি।



৩-৪-২০২৩

মোহাম্মদ কামরুল হাছান

সহকারী প্রোগ্রামার